# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১২. ৬. ১. প্রথম যুগের খ্রিষ্টানদের ইহুদীয় বিশ্বাস

প্রথম কয়েক প্রজন্মের খ্রিষ্টানরা কখনোই ধর্মগ্রন্থ সংরক্ষণের কথা চিন্তা করেননি। কারণ তারা নিজেদেরকে ইহুদি বলে বিশ্বাস করতেন। তাদের সাথে অন্যান্য ইহুদিদের পার্থক্য শুধু ঈসা মাসীহের প্রতি বিশ্বাস। সাধারণ ইহুদিদের বিপরীতে তারা যীশুকে ইহুদি জাতির প্রতিশ্রুত মাসীহ হিসেবে বিশ্বাস করতেন। তবে ধর্মীয়ভাবে তারা নিজেদেরকে ইহুদি বলে বিশ্বাস করতেন এবং পুরাতন নিয়ম বা ইহুদি বাইবেলকেই তাদের ধর্মগ্রন্থ হিসেবে বিশ্বাস করতেন। যীশুর শিক্ষাকে তারা মৌখিকভাবে চর্চা করাই যথেষ্ট মনে করতেন। আমরা দেখেছি যে, প্রথম খ্রিষ্টীয় শতকের শেষে মৃত্যুবরণকারী প্রসিদ্ধ খ্রিষ্টান ধর্মগুরু প্রথম ক্লিমেন্ট যীশুর বাণী বা শিক্ষাকে ‘ধর্মগ্রন্থ’ বলে গণ্য করতেন না। ধর্মগ্রন্থ বলতে তিনি শুধু পুরাতন নিয়মকেই বুঝতেন ও বুঝাতেন।

যীশুর শিষ্যরা নিজেদেরকে ইহুদি মনে করতেন এতটুকুই নয়; উপরন্তু ইহুদি ধর্মের প্রচলন অনুসারে অ-ইহুদিদের সাথে সংমিশ্রণও অন্যায় বলে গণ্য করতেন। তারা শুধু ইহুদিদের মধ্যেই যীশুর শিক্ষা প্রচার করতেন। আমরা দেখেছি, এ প্রসঙ্গে পিতর বলেন: ‘‘আপনারা তো জানেন, ইহুদী নয় এমন কোন লোকের সঙ্গে যোগ দেওয়া কিংবা তার কাছে আসা ইহুদী লোকের পক্ষে আইনসম্মত নয়’’ (প্রেরিত ১০/২৮, মো.-১৩)।

উইকিপিডিয়া ‘প্রথম যুগের খ্রিষ্টধর্মের ইতিহাস’ (History of early Christianity) প্রবন্ধে লেখেছে:

“|The earliest followers of Jesus composed an apocalyptic, Second Temple Jewish sect, which historians refer to as Jewish Christianity. ... Early Christianity gradually grew apart from Judaism during the first two centuries and established itself as a predominantly gentile religion in the Roman Empire.... Earliest Christianity took the form of a Jewish eschatological faith. The apostles traveled to Jewish communities around the Mediterranean Sea, and attracted Jewish converts. Within 10 years of the death of Jesus, apostles had spread Christianity from Jerusalem to Antioch, Ephesus, Corinth, Thessalonica, Cyprus, Crete, and Rome.

The book of Acts reports that the early followers continued daily Temple attendance and traditional Jewish home prayer. Other passages in the canonical gospels reflect a similar observance of traditional Jewish piety such as fasting, reverence for the Torah (..the Law..) and observance of Jewish holy days. In the mid-1st century, in Antioch, Paul of Tarsus began preaching to Gentiles. The new converts did not follow all "Jewish Law" ... and refused to be circumcised, ... The resulting circumcision controversy was addressed at the Council of Jerusalem about the year 50. Paul, who was vocally supported by Peter,

argued that circumcision was not a necessary practice. The council agreed that converts could forgo circumcision, but other aspects of "Jewish Law" were deemed necessary. Four years after the Council of Jerusalem, Paul wrote to the Galatians about the issue, .... According to Alister McGrath, Paul considered it a great threat to his doctrine of salvation through faith in Jesus and addressed the issue with great detail in Galatians 3. The rift between Christianity and Judaism continued to grow .... .... Ignatius of Antioch was the first known Christian to use the label in self-reference and made the earliest recorded use of the term Christianity around 100 AD.”

“যীশুর প্রাচীনতম অনুসারীরা ছিলেন শলোমনের মন্দির (মসজিদুল আকসা বা ধর্মধাম)-এর দ্বিতীয়বার নির্মাণোত্তর কিয়ামতের অপেক্ষমান এক ইহুদি ধর্মীয় সম্প্রদায়। ঐতিহাসিকরা একে ইহুদীয়-খ্রিষ্টধর্ম (হিব্রু-খৃস্টধর্ম) বলে আখ্যায়িত করেন। ... প্রথম দু শতাব্দীর মধ্যে ক্রমান্বয়ে প্রাথমিক খ্রিষ্টধর্ম ইহুদি ধর্ম থেকে পৃথক হয়ে যায় এবং মূলত একটা অ-ইহুদি ধর্ম হিসেবে রোমান সাম্রাজ্যে প্রতিষ্ঠা লাভ করে।

প্রাচীনতম খ্রিষ্টধর্ম ইহুদি পরকালবাদী ধর্মবিশ্বাস রূপে প্রকাশ পায়। যীশুর প্রেরিত শিষ্যরা ভূমধ্যসাগরের পার্শ্ববর্তী ইহুদি সম্প্রদায়গুলোর মধ্যে পরিভ্রমণ করেন এবং ইহুদিদেরকে তাদের মতে দীক্ষিত করতে আকর্ষণ করেন। যীশুর মৃত্যুর ১০ বছরের মধ্যে প্রেরিতগণ জেরুজালেম থেকে এন্টিয়ক, এফিসাস, করিন্থ, থেসালনিকা, সাইপ্রাস, ক্রীট ও রোমে খ্রিষ্টধর্ম প্রচার করেন। প্রেরিতগণের কার্যবিবরণী পুস্তকটা জানাচ্ছে যে, প্রথম যুগের খ্রিষ্টধর্মের অনুসারীরা প্রতিদিন মন্দিরে গমন এবং ইহুদিধর্মের প্রচলিত গৃহপ্রার্থনা পালন করতেন। স্বীকৃত ইঞ্জিলগুলোর বিভিন্ন বক্তব্য উপবাস, তৌরাতের প্রতি ভক্তি, ইহুদি দিবসগুলো পালন ইত্যাদি প্রচলিত ইহুদি ধার্মিকতা ও ধর্মীয় রীতির অনুসরণ প্রমাণ করে।

প্রথম শতাব্দীর মধ্যভাগে তার্সুসের পল এন্টিয়কে অ-ইহুদিদের মধ্যে ধর্মপ্রচার শুরু করেন। নতুন খ্রিষ্টানরা ইহুদি ধর্মের সকল বিধান পালন করে না এবং খতনা করতে অস্বীকার করে... । ৫০ খ্রিষ্টাব্দের দিকে যেজরুজালেম সম্মেলনে খতনা বিতর্ক উত্থাপিত হয়। পিতরের সরব সহায়তায় পল দাবি করেন যে, খতনা করা জরুরি রীতি নয়। সম্মেলন স্বীকার করে যে, নতুন খ্রিষ্টানরা খতনা বাদ দিতে পারে, তবে ইহুদি ধর্মের অন্যান্য বিধিবিধান পালন করা জরুরি। জেরুজালেম সম্মেলনের চার বছর পর পল গালাতীয়দেরকে এ বিষয়ে লেখেন। ... আলিস্টার ম্যাকগ্রাথের মতে ‘যীশুতে বিশ্বাস করার মাধ্যমে মুক্তি’-র যে মতবাদ পল প্রচার করতেন শরীয়ত পালনের বিষয়টাকে পল তার সে মতবাদের জন্য ভয়ঙ্কর হুমকি হিসেবে বিবেচনা করেন এবং তিনি এ বিষয়টা বিস্তারিতভাবে গালাতীয়দের প্রতি ৩য় পত্রে আলোচনা করেন। খ্রিষ্টধর্ম ও ইহুদি ধর্মের ফাটল বাড়তে থাকে। .... এন্টিয়কের ইগনাটিয়াসই জানা মতে প্রথম খ্রিষ্টান যিনি নিজেকে ‘খ্রিষ্টান’ নামে অভিহিত করেন। এভাবে তিনি ‘খ্রিষ্টান’ পরিভাষা ব্যবহারের প্রাচীনতম রেকর্ড তৈরি করেন ১০০ খ্রিষ্টাব্দের দিকে।”

উইকিপিডিয়া “ইহুদি ধর্ম ও প্রথম যুগের খ্রিষ্টধর্মের বিচ্ছিন্ন হওয়া” (Split of early Christianity and Judaism) প্রবন্ধে লেখেছে:

“The traditional view has been that Judaism existed before Christianity and that Christianity separated from Judaism some time after the destruction of the Second Temple.” “প্রচলিত মত হল, খ্রিষ্টধর্মের পূর্বেই ইহুদি ধর্ম বিদ্যমান ছিল এবং (৭০ খ্রিষ্টাব্দে) দ্বিতীয়বার নির্মিত

ইহুদি ধর্মধামের ধ্বংসের কিছু পরে খ্রিষ্টধর্ম ইহুদি ধর্ম থেকে পৃথক হয়।''

এভাবে আমরা দেখছি যে, প্রথম শতাব্দীর শেষ প্রান্ত পর্যন্ত যীশুর অনুসারীরা নিজেদেরকে ইহুদি ধর্ম ও ধর্মগ্রন্থের অনুসারী বলে বিশ্বাস করতেন। এজন্য পৃথক ধর্মগ্রন্থ সংরক্ষণের চিন্তাও তারা করেননি। প্রথম অধ্যায়ের শেষে নতুন নিয়মের বিবর্তন প্রসঙ্গে আমরা দেখেছি যে, প্রথম শতকের শেষ প্রান্তে এসেও রোমের পোপ প্রথম ক্লিমেন্ট যীশুর বাণী ও পলের পত্রকে 'ধর্মগ্রন্থ' হিসেবে গণ্য করেননি। শুধু ইহুদি বাইবেল বা পুরাতন নিয়মকে-ই একমাত্র 'ধর্মগ্রন্থ' হিসেবে গণ্য করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13907

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন